# রাজশাহী বোর্ড-২০১৯

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান-৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক বিভাগ — গদ্য

১. ▶সাইমন তারিক একজন অবসরপ্রাপ্ত শিক্ষক। বিভিন্ন ধরনের বই পড়ার প্রতি তাঁর রয়েছে প্রবল অনুরাগ। এজন্য ব্যক্তিগত উদ্যোগে তিনি নিজ বাড়িতে একটি গ্রন্থাগার প্রতিষ্ঠা করেন। আশেপাশের মানুষের মাঝে জ্ঞানের আলো ছড়িয়ে দেয়ার জন্য তিনি আপ্রাণ চেষ্টা করে থাকেন। এ মহতী উদ্যোগকে স্বাগত জানিয়ে সমাজে অনেক ধনাঢ্য ব্যক্তি তাঁর গ্রন্থাগারে অনুদানস্বরূপ বিভিন্ন ধরনের বই দিয়েছেন। কিন্তু তাঁরই এক স্বজন বাদল এহেন কর্মকাণ্ডের সমালোচনা করে বলেন, "শুধু শুধু বই কিনে অর্থ অপচয় করার মধ্যে কোনো সার্থকতা নেই বরং স্কুল-কলেজের নির্ধারিত পাঠ্যবই পড়লেই আলোকিত সমাজ গড়া সম্ভব।"

ক. মনের দাবি রক্ষা না করলে কী বাঁচে না? ১

খ. সাহিত্য চর্চাকে শিক্ষার সর্বপ্রধান অঙ্গ বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের বাদলের মনোভাব 'বই পড়া' প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের সাইমন তারিকের প্রচেষ্টাই 'বই পড়া' প্রবন্ধের মূলসুর"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. সজলের লোকসঙ্গীতের প্রতি প্রবল অনুরাগ থাকলেও তার বন্ধু কাজল মোটেই পছন্দ করে না। সে বলে, "এসব চাষাভুষোর গান, এগুলো কে শোনে?" তার কথা শুনে সজল বলে, "আরে এগুলো আমাদের পল্লিসাহিত্যের অমূল্য সম্পদ। দেখছিস্ না, ইউরোপ, আমেরিকার মতো দেশ আজ লোকসঙ্গীতকে কত মর্যাদা দিচ্ছে? আমরা এসবের গুরুত্ব বুঝি না বলেই কদর করি না। আমি ঠিক করেছি শুধু গান নয়, পল্লি সাহিত্যের লুপ্তপ্রায় অন্যান্য সম্পদগুলোও যতটুকু পারি সংগ্রহ করব।"

ক. মনসুর বয়াতি কে ছিলেন? ১

খ. "পল্লিগ্রামে শহরের মত গায়ক, বাদক, নর্তক না থাকলেও তার অভাব নেই"— বুঝিয়ে লেখো। ২

গ. কাজলের কথায় "পল্লিসাহিত্য' প্রবন্ধের প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. "সজলের মনোভাব 'পল্লিসাহিত্য' প্রবন্ধের মূলসুরটিই ধ্বনিত হয়েছে"— মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৩. ▶শিক্ষক গৌরব দাস দশম শ্রেণির ছাত্র আজাদকে তার জীবনের লক্ষ্য কী জানতে চাইলে আজাদ বলে, আমি বাবার মতো ব্যবসায়ী হতে চাই। কারণ বাবা বলেন, "জগতে টাকাই সব।" তার কথা শুনে শিক্ষক গৌরব দাস বলেন, অর্থ উপার্জনের চেয়ে মনুষ্যত্ব অর্জন করাই শ্রেয়। কথায় আছে, প্রাণ থাকলে প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

ক. শিক্ষার শ্রেষ্ঠ দিক কোনটি? ১

খ. 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আজাদের বাবার মাঝে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের যে দিকটি প্রকাশিত, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের শিক্ষকের বক্তব্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে বর্ণিত শিক্ষার প্রয়োজনীয় দিকটি লক্ষ করা যায়— বিশ্লেষণ করো। ৪

৪. ▶আকলিমা দরিদ্র ঘরের মেয়ে। অন্যের বাড়িতে কাজ করে। বাসন মাজা, ঘরমোছা, কাপড় ধোয়াসহ সব কাজ নিপুণ হাতে করে। এছাড়াও গৃহকর্তার ছেলেমেয়েদের দেখাশোনা করে। কিন্তু সামান্য ভুল হলেও গৃহকর্ত্রী তাকে বকাঝকা করেন। একদিন তার হাত থেকে একটি চায়ের কাপ পড়ে ভেঙে গেলে গৃহকর্ত্রী তাকে মারধর করে। একপর্যায়ে তাকে কাজ ছেড়ে চলে যেতে বলে।

ক. মমতাদির কপালের ক্ষতচিহ্নটি কেমন? ১

খ. মমতাদি অন্যের বাড়িতে কাজ করে কেন? ২

গ. উদ্দীপকের আকলিমা ও 'মমতাদি' গল্পের মমতাদির মধ্যে সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক ও 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীদ্বয় দুই ভিন্ন মানসিকতার অধিকারী— বিশ্লেষণ করো। ৪

## খ বিভাগ — কবিতা

৫. ▶সাহিদ ও জাহিদ দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ে পড়ে। সাহিদ বাংলা ভাষাকে খুব ভালোবাসে। অন্যদিকে জাহিদের বাংলা ভাষা ও সংস্কৃতি পছন্দ নয়। সে ইংরেজি জানা নিয়ে গর্ব করে। সাহিদ ক্ষুব্ধ হয়ে জাহিদকে বলে, "বাংলা ভাষা আমাদের অহংকার।"

ক. 'জুয়ায়' শব্দের অর্থ কী? ১

খ. "মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি।
দেশীয় ভাষা উপদেশ মনে হিত অতি"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের জাহিদের মতো মানুষদের প্রতি কবি আবদুল হাকিম কী মনোভাব পোষণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের 'সাহিদ ও বঙ্গবাণী' কবিতার কবির বক্তব্য একই চেতনা থেকে উৎসারিত"— বিশ্লেষণ করো। ৪

৬. বন্যা দুর্গত মানুষের জন্য আসা ত্রাণসামগ্রী চেয়ারম্যান সাহেব দুর্গতদের মধ্যে বিতরণ না করে নিজে আত্মসাৎ করে ফেলেন। এসব দেখে গ্রামের বৃদ্ধ এখলাস উদ্দিন অত্যন্ত ব্যথিত হয়ে বলেন, "যারা গরিবের হক মেরে খায়, আল্লাহ তাদেরকে ক্ষমা করেন না।"

https://teachingbd24.com

ক. 'মানুষ' কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে? ১

খ. "হায়রে ভজনালয়,
তোমার মিনারে চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের চেয়ারম্যান সাহেবের সাথে 'মানুষ' কবিতার যে সাদৃশ্য রয়েছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের এখলাস উদ্দিনের কথায় 'মানুষ' কবিতার কবির মনোভাব প্রকাশ পেয়েছে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

৭. ▶ i) "মরিয়া হয়ে কোদাল চালাচ্ছে মতি মাস্টারের দল। এ বাঁধ ভাঙতে দেবে না তারা। কিছুতেই না। তাদের সোনার ফসল ডুবতে দেবে না তারা কিছুতেই। কখনই না।"

ii) "মাগো, ভাবনা কেন?
আমরা তোমার শান্তি প্রিয় শান্ত ছেলে,
তবু শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি—
তোমার ভয় নেই মা, আমরা
প্রতিবাদ করতে জানি।"

ক. 'মৃতের আগুন' কোথায় চাপা? ১

খ. "কিন্তু কী ঘটল শেষে, কে দেখাল মহা প্রতিরোধ" কথাটি দ্বারা কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকের (i) এ 'সাহসী জননী বাংলা' কবিতার প্রতিফলিত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের (ii) 'সাহসী জননী বাংলা'— কবিতার মূলভাবকে ধারণ করেছে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

## গ বিভাগ —উপন্যাস

৮. ▶ হানাদার বাহিনীর হত্যা, নির্যাতন ও ধ্বংসলীলার বিরুদ্ধে রুখে দাঁড়ায় সরাইপুরের কদর আলী। দেশকে শত্রুমুক্ত ও স্বাধীন করার জন্য গ্রামের যুবকদের নিয়ে সে মুক্তিফৌজ গঠন করে। তাদের একের পর এক গেরিলা আক্রমণে বেশ কয়েকজন পাক সেনা নিহত হয়। এই সকল গেরিলা আক্রমণকে নস্যাৎ করার জন্য পাক সেনাদের দোসর রমজান মিয়া পাক বাহিনীকে সঙ্গে নিয়ে তার গ্রামে অভিযান চালায় এবং আগুন দিয়ে পুরো গ্রাম পুড়িয়ে দেয়।

ক. শাহাবুদ্দিন বুধার কী ধরনের ছবি আঁকার সিদ্ধান্ত নিয়েছিল? ১

খ. শাহাবুদ্দিন বুধার জন্য উৎকণ্ঠায় ছিল কেন? ২

গ. উদ্দীপকের রমজান মিয়ার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের কদর আলীর কর্মকাণ্ডের 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলসুরটি প্রকাশ পেয়েছে"— মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯. বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আরিফ বঙ্গবন্ধুর ভাষণ শুনে যুদ্ধে জড়িয়ে পড়ে। যুদ্ধ চলাকালে আরিফ জানতে পারে তাদের গ্রাম পাক সেনারা পুড়িয়ে ছারখার করে দিয়েছে এবং পুরো এলাকা জনশূন্য হয়ে গেছে। আরিফ কয়েকজন মুক্তিযোদ্ধা নিয়ে এসে রাতের আঁধারে তার গ্রামে স্থাপিত পাক সেনাদের ক্যাম্প ধ্বংস করে দেয়।

ক. বুধা হাবিব ভাইয়ের কাছে কী জানতে চেয়েছিল? ১

খ. 'এক হওয়ার এখনই তো সময়' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের আরিফের মধ্যে 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রতিফলিত চরিত্রটি ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপক ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের প্রেক্ষাপট এক ও অভিন্ন— উক্তিটি মূল্যায়ন করো। ৪

## ঘ বিভাগ — নাটক

১০. ▶এতিম শাহেদা মামার বাড়িতে বড় হয়। মামি তাকে বোঝা মনে করে এক বয়স্ক লোকের সাথে বিয়ে দিতে চায়। কিন্তু জীবনসচেতন শাহেদা এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পা বাড়ায়।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর কাছে যাবার কারণ কী? ১

খ. "এমন মেয়েও কারো পেটে জন্মায় জানতাম না"— খোদেজা কেন এ কথাটি বলেছিল? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের মামির সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের শাহেদা যেন 'বহিপীর' নাটকের তাহেরার অনুরূপ"— তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

১১. ▶ভণ্ড মাজার পূজারী খাজা মোল্লা মানুষকে বোঝায় তার অনেক অলৌকিক ক্ষমতা রয়েছে। সে তিনটি বিয়েও করেছে। কিন্তু তার অত্যাচারে বউয়েরা তাকে ছেড়ে চলে যায়। এবার তারই এক ভক্তের অল্প বয়সী মাতৃহারা মেয়ে কান্তার প্রতি কুনজর পড়েছে। খাজা মোল্লা নানা কূটকৌশলে কান্তার বাবাকে রাজি করে। কিন্তু কান্তা এ বিয়েতে রাজি নয়। তাই সে বিয়ের রাতে অজানার উদ্দেশে পাড়ি জমায়। এত রাতে একটি মেয়ে রাস্তায় দেখে ইউপি চেয়ারম্যান তাকে তাদের বাড়িতে নিয়ে যান। কান্তার মুখ থেকে সব ঘটনা শুনে চেয়ারম্যানের স্ত্রীর খুব দয়া হয়। তিনি কান্তাকে অভয় দেন এবং সাহস জোগান।

ক. হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী? ১

খ. 'এবার তার সাধের স্বপ্নও ভাঙবে' বলতে কোন 'স্বপ্নের' কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের খাজা মোল্লার চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের চেয়ারম্যানের স্ত্রী যেন 'বহিপীর' নাটকের খোদেজার বিপরীত আদর্শের প্রতিভূ।"— মন্তব্যটি যথার্থতা মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. 'ঝর্ণার গান' কবিতায় ঝর্ণা কার বোল সাধে?
ক) বুলবুলির খ) শালিকের
গ) চকোরের ঘ) চাতকের

২. বুধা বুকের ভেতর কী ধরে রেখেছে?
ক) প্রতিশোধ খ) মুক্তিযুদ্ধ
গ) আত্মবিশ্বাস ঘ) দেশপ্রেম

৩. 'মাটির ভয়ে রাজ্য হবে মাটি।'— পঙ্‌ক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?
ক) রাজ্য ধুলোয় ভরে যাওয়া
খ) পরিকল্পনা ভেস্তে যাওয়া
গ) সভাসদদের কাজ পণ্ড হওয়া
ঘ) রাজ্য অচল হয়ে পড়া

৪. ভাষা আন্দোলন → গণঅভ্যুত্থান → মুক্তিযুদ্ধ ছকটি 'সাহসী জননী বাংলা' কবিতার আলোকে প্রকাশ করেছে—
i. বাঙালির বীরত্ব ও শৌর্যের ইতিহাস
ii. বাঙালির সুমহান আত্মত্যাগ
iii. গণমানুষের প্রতি মমতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

উদ্দীপকের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
i) পৃথিবীতে সব কিছু জীর্ণ হয়, হারিয়ে যায়, প্রাচীন সভ্যতা নিশ্চিহ্ন হয়, বিমূঢ় লোকালয় নিঃশেষ হয়।
ii) অপরদিকে সমুদ্রের কোনো শেষ নেই। সমুদ্র সর্বদাই স্বতন্ত্র এবং নিশ্চিন্ত।

৫. উদ্দীপক (i)-এর সঙ্গে 'সেইদিন এই মাঠ' কবিতার সাদৃশ্যপূর্ণ চরণ হলো—
ক) সেইদিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি—
খ) সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে
গ) চালতাফুল কি ভিজিবে না শিশিরের জলে
ঘ) এশিরিয়া ধুলো আজ— বেবিলন ছাই হয়ে আছে

৬. উদ্দীপক (ii) এবং 'সেইদিন এই মাঠ' কবিতার ভাবে প্রকাশ পায় প্রকৃতির—
i. প্রাণময়তা
ii. ব্যস্ততা
iii. সৌন্দর্য
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও iii ঘ) ii ও iii

৭. 'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে নীতির চর্চা কোথায় করা যায়?
ক) মন্দিরে খ) মসজিদে
গ) ঘরে ঘ) গুহায়

৮. সাহিত্যের প্রধান লক্ষণ কোনটি?
ক) সৃজনশীলতা খ) সৌন্দর্য সৃষ্টি
গ) আনন্দ দান ঘ) নান্দনিকতা

৯. "আমায় বামুনদি বলো না খোকা। শুধু দিদি বোলো।"— এ উক্তিতে মমতাদি চরিত্রের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
ক) স্নেহশীলতা খ) সংকোচ ভাব
গ) সরলতা ঘ) আত্মমর্যাদাবোধ

"ভৃত্য চড়িল উটের পৃষ্ঠে উমর ধরিল রশি,
মানুষে স্বর্গে তুলিয়া ধরিয়া ধুলায় নামিল শশী।"

১০. কবিতাংশে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের লেখকের মানসিকতার কোন দিকটি ফুটে উঠেছে?
ক) মানবিকতার খ) অসাম্প্রদায়িকতার
গ) ভ্রাতৃত্ববোধের ঘ) সাম্যবাদিতার

১১. "নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়।"— চরণটিতে কী প্রকাশ পেয়েছে?
ক) অবজ্ঞা খ) তীব্র ঘৃণা
গ) শত্রুতা ঘ) মাতৃভাষা প্রীতি

১২. 'কপোতাক্ষ নদ' কবিতায় প্রথম আট চরণের অন্ত্যমিল বিন্যাস কোনটি?
ক) কখখগ কখখগ
খ) কখখগ কখখচ
গ) কখকখ কখখক
ঘ) কখখক ঘঙঘঙ

উদ্দীপকের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
শিল্পপতি অসিত চট্টোপাধ্যায়ের বাড়িতে দারোয়ানের চাকরি করে বৃদ্ধ তাপস। নিচু জাতের বলে কখনো দারোয়ানকে অবজ্ঞা করেননি অসিত চট্টোপাধ্যায়। 'তাপসদা' বলেই সম্বোধন করেন তিনি দারোয়ানকে। বয়োবৃদ্ধ তাপস এক সময় কাজ করার সামর্থ্য হারিয়ে তার ছেলেকে নিজের স্থলে নিয়োগের জন্যে প্রশিক্ষণ দিতে থাকে। কিন্তু একদিন গাড়ি ধুতে গিয়ে গাড়ির একটি গ্লাস ভেঙে ফেলে ছেলেটি। এতে ছেলের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত হয়ে পড়ে তাপস।

১৩. উদ্দীপকের অসিত চট্টোপাধ্যায় 'অভাগীর স্বর্গ' গল্পের কোন চরিত্রের বিপরীত?
ক) দারোয়ান
খ) অধর রায়
গ) ঠাকুরদাস মুখোপাধ্যায়
ঘ) পাঁড়ে

Teachingbd24.com

https://teachingbd24.com

১৪. উদ্দীপকের তাপসকে 'অভাগীর স্বর্গ' গল্পের অভাগীর বৈশিষ্ট্যের অধিকারী বলা যায়, কারণ তারা উভয়েই—

i. দায়িত্বশীল
ii. সন্তানবৎসল
iii. শঙ্কাগ্রস্ত

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. হাতেম আলির জমিদারি কোথায় ছিল?

(ক) শাহবাজপুর (খ) রেশমপুর
(গ) ডেমরা (ঘ) সুনামগঞ্জ

১৬. 'তক্ষক' শব্দের অর্থ কী?

(ক) টিকটিকি (খ) পাখি
(গ) এক ধরনের বিষধর সাপ
(ঘ) এক ধরনের বিষাক্ত কীট

১৭. 'আশা' কবিতার কবি কীসের অন্তরালে হারিয়ে যেতে চান?

(ক) নিশুত রাতের (খ) বিত্ত-সুখের
(গ) আঁধার ঘরের (ঘ) কান্না-হাসির

**উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

বাজারে এক পাশে অনেক মানুষের জমায়েত দেখে এগিয়ে যান রহমান সাহেব। দেখেন একটি প্রতিবন্ধী কিশোরকে অনেকে বিরক্ত করছে। কেউ কেউ আবার মজা করছে। তিনি কিশোরটিকে বাড়িতে নিয়ে আসেন। তার বড় ছেলে রজত কিশোরটিকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়ার প্রস্তাব করলে রহমান সাহেব বলেন, "এত বাড়াবাড়ির দরকার নেই।" "এদেরকে সঠিকভাবে চিকিৎসা দিলে এরা স্বাভাবিক জীবন স্রোতে ফিরে আসতে পারে।" এ কথা বলে রজত তাকে ডাক্তারের কাছে নিয়ে যায়।

১৮. উদ্দীপকের রহমান সাহেবের সঙ্গে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?

(ক) তাহেরা (খ) খোদেজা
(গ) হাতেম আলি (ঘ) হাশেম আলি

১৯. উদ্দীপকের রজতের বক্তব্যে ফুটে উঠেছে 'বহিপীর' নাটকের তাহেরার প্রতি হাশেম আলির—

i. সহানুভূতি
ii. দায়িত্ববোধ
iii. ভালোবাসা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. ঐতিহাসিক আবুল ফজল নববর্ষকে কী বলে উল্লেখ করেছেন?

(ক) নওরোজ
(খ) জাতীয় উৎসব
(গ) সর্বজনীন উৎসব
(ঘ) বর্ষবরণ উৎসব

২১. সুভা মুক্তির আনন্দ কোথায় খুঁজে পায়?

(ক) স্বচ্ছ আকাশের সৌন্দর্যে
(খ) বিপুল নির্বাক প্রকৃতিতে
(গ) সর্বশী ও পাঙ্গুলির স্পর্শে
(ঘ) প্রতাপের সঙ্গে সময় কাটিয়ে

২২. রাইফেল কাঁধে বনে জঙ্গলে ঘুরে বেড়ায় কে?

(ক) জোয়ান কৃষক (খ) সাহসী লোক
(গ) তেজি তরুণ (ঘ) দক্ষ মাঝি

২৩. 'রানার' কবিতার রানার কাকে সবচেয়ে বেশি ভয় পায়?

(ক) দস্যুকে (খ) সূর্য ওঠাকে
(গ) নির্জন রাতকে (ঘ) ক্ষুধার ক্লান্তিকে

২৪. রুমীর মা-বাবা 'মার্সি পিটিশন' করেননি কেন?

(ক) আত্মসম্মানের কারণে
(খ) অহংকার বশে
(গ) নির্যাতনের ভয়ে
(ঘ) মঞ্জুর হবে না বলে

২৫. 'এশিরিয়া ধুলো আজ' বলতে কবি কী বুঝিয়েছেন?

(ক) প্রকৃতি চিরন্তন (খ) সময় বহমান
(গ) মৃত্যু অনিবার্য (ঘ) সভ্যতা ক্ষণস্থায়ী

২৬. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত "সুমহান প্রতিশোধ" কথাটি দ্বারা নবীজির কোন গুণটি তুলে ধরা হয়েছে?

(ক) অনুগ্রহ (খ) সাধুতা
(গ) মহত্ত্ব (ঘ) ত্যাগ

২৭. "তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি।"— চরণটির ভাবে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের মিল রয়েছে?

(ক) মতিউর (খ) বুধা
(গ) কুন্তি (ঘ) আলি

২৮. বাঙ্কার দেখতে যেতে দেয়ায় বুধা ফজু চাচার প্রতি কী প্রকাশ করে?

(ক) আনন্দ (খ) পাগলামি
(গ) বিনয় (ঘ) উৎকণ্ঠ

২৯. 'পল্লিজননী' কবিতার মূলসুর কী?

(ক) অপত্য স্নেহের অনিবার্য আকর্ষণ
(খ) ক্ষুধা-দারিদ্র্যের দুঃসহ যন্ত্রণা
(গ) শৈশব-কৈশোরের দুরন্তপনা
(ঘ) রুগ্ণ ছেলের রোগমুক্তির প্রত্যাশা

৩০. 'পল্লিসাহিত্য' প্রবন্ধে খোকা-খুকির ছড়াকে সরস-প্রাণের জীবন্ত উৎস বলা হয়েছে কেন?

(ক) প্রাণের উচ্ছ্বাস আছে বলে
(খ) প্রাচীনকাল থেকে প্রচলিত হওয়ায়
(গ) জাতির পুরনো ইতিহাসের গোপন কথা খুঁজে পাওয়া যায় বলে
(ঘ) মন থেকে উৎসারিত হওয়ায়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ |

https://teachingbd24.com